উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
লাকসাম,কুমিল্লা।

স্মারক নং :- ৩৪.০১.১৯৭২.০০০.৪৮.০৬৭.২২ - তারিখ :-১৯/১২/২০২১ খ্রি:

আগামী ২০/১২/২০২১ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১০.০০ ঘটিকায় উপজেলা যুব উন্নয়ন কার্যক্রম,পর্যবেক্ষণ ও মনিটরিং বিষয়ক ষ্ট্যান্ডিং কমিটির এক সভা মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ,লাকসাম,কুমিল্লা এর সভাপতিত্বে উপজেলা পরিষদ কার্যালয়ে অনুষ্ঠিত হইবে। কমিটির সম্মানিত সদস্যগণকে নির্ধারিত সময়ে সভায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ-
০১। প্রশিক্ষণের অগ্রগতি
০২। ঋণ কার্যক্রমের অগ্রগতি
০৩। যুব সংগঠনের নিবন্ধন সম্পর্কে আলোচনা।
০৪। খেলাপী ঋণ আদায় পর্যালোচনা।
০৫। বিবিধ।

(মোঃ ফখরুল ইসলাম)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা যুব ও ক্রীড়া বিষয়ক ষ্ট্যান্ডিং কমিটি
লাকসাম,কুমিল্লা।

স্মারক নং :- ৩৪.০১.১৯৭২.০০০.৪৮.০৬৭.২২ - ২১০ তারিখ :-১৯/১২/২০২১ খ্রি:।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ
০১। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,লাকসাম,কুমিল্লা।
০২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম,কুমিল্লা।
০৩। মহিলা ভাইস চেয়ারম্যান,উপজেলা পরিষদ ও সভাপতি,উপজেলা যুব ও ক্রীড়া বিষয়ক ষ্ট্যান্ডিং কমিটি, লাকসাম,কুমিল্লা।
০৪। জনাব আবদুর রশিদ সওদাগর,চেয়ারম্যান,মুদাফরগঞ্জ,দক্ষিন ইউনিয়ন পরিষদ, লাকসাম,কুমিল্লা।
০৫। জনাব মোঃ ওমর ফারুক , চেয়ারম্যান, কান্দির পাড় ইউপি, লাকসাম,কুমিল্লা।
০৬। জনাব নিজাম শামীম,চেয়ারম্যান,গোবিন্দপুর,ইউপি,লাকসাম,কুমিল্লা।
০৭। অফিস কপি।

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা যুব ও ক্রীড়া বিষয়ক ষ্ট্যান্ডিং কমিটি
লাকসাম,কুমিল্লা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
লাকসাম, কুমিল্লা।

উপজেলা যুব ও ক্রীড়া বিষয়ক ষ্ট্যান্ডিং কমিটি, লাকসাম, কুমিল্লা এর সভার কার্য বিবরণী ঃ

সভার তারিখ ঃ ২০/১২/২০২১ খ্রিঃ, রোজ - সোমবার
সভার স্থান ঃ উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, লাকসাম, কুমিল্লা।
সময় ঃ ১০.০০ ঘটিকায়।

সভাপতি ঃ জনাবা পড়শী সাহা, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।

**সভায় উপস্থিত সদস্যদের নাম ও স্বাক্ষরঃ**

| ক্রমিক নং | কর্মকর্তার নাম | ষ্ট্যান্ডিং কমিটির পদবী | স্বাক্ষর | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১। | জনাব আবদুর রশিদ সওদাগর, চেয়ারম্যান, মুদাফরগঞ্জ দক্ষিণ ইউপি, লাকসাম, কুমিল্লা। | সদস্য | স্বাক্ষরিত | |
| ২। | জনাব মোঃ ওমর ফারুক, চেয়ারম্যান, কান্দিরপাড় ইউপি, লাকসাম, কুমিল্লা। | সদস্য | স্বাক্ষরিত | |
| ৩। | জনাব নিজাম উদ্দিন শামীম, চেয়ারম্যান, গোবিন্দপুর ইউপি, লাকসাম, কুমিল্লা। | সদস্য | স্বাক্ষরিত | |
| ৪। | জনাব মোঃ ফখরুল ইসলাম, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, লাকসাম, কুমিল্লা। | সদস্য সচিব | স্বাক্ষরিত | |

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জনাব মোঃ ফখরুল ইসলাম সভার কার্যক্রম শুরু করেন।

সদস্য সচিব আজকের আলোচ্য বিষয় পড়ে শুনান । তিনি আজকের আলোচনা সভার ১নং আলোচ্য বিষয় যুবদের প্রশিক্ষণের অগ্রগতি সম্পর্কে আলোচনা করেন। তিনি বলেন যুব উন্নয়নের মাধ্যমে বিভিন্ন ট্রেডে বেকার যুবদের আত্মকর্মী ও দক্ষ মানব সম্পদ হওয়ার লক্ষে এলাকার চাহিদা ভিত্তিক ৪১ ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়। উক্ত প্রশিক্ষণে ১৮- ৩৫ বছর বয়সী বেকার যুব গণ প্রশিক্ষণ নিতে পারেন। প্রশিক্ষণ নিতে যুবদের কোন টাকা লাগে না। প্রশিক্ষণ গ্রহণের ক্ষেত্রে তিনি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সাহেবদের সহযোগিতা কামনা করেন।

সদস্য সচিবের কথার রেশ ধরে জনাব নিজাম উদ্দিন শামীম চেয়ারম্যান, গোবিন্দপুর ইউপি বলেন- প্রত্যেক ইউনিয়নে যুব উন্নয়ন অফিসের মাধ্যমে প্রশিক্ষণ দেওয়ার জন্য সভায় আহবান করেন।

দ্বিতীয় আলোচ্য সূচী অনুয়ায়ী সদস্য সচিব বলেন ঋণ কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে আলোচনা করেন। তিনি বলেন- প্রতি বছরের ন্যায় এ বছরও বেকার যুবদের দক্ষ মানব সম্পদ গড়ে তোলার লক্ষ্যে গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীন যুব উন্নয়ন অধিদপ্তর, বিভিন্ন বিষয়ের উপর প্রশিক্ষণ দিয়ে দক্ষ মানব শক্তি গড়ে তোলে উক্ত প্রশিক্ষণলব্ধ জ্ঞান কাজে লাগানোর জন্য বিভিন্ন প্রকল্পে ঋণ দিয়ে থাকেন। করোনা কালীন সময়ে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধিন যুব উন্নয়ন অধিদপ্তর বেকার যুবদের মাঝে প্রশিক্ষণ দিয়ে ব্যাপক হারে ঋণ প্রদানের নির্দেশ প্রদান করেন এবং ১৩/১২/২০২১ ইং থেকে যুব ঋণ বিতরণের উপর ৫% সার্ভিস চার্জ (ক্রমহ্রাসমান) যুব ঋণ গ্রহীতাদের নিকট থেকে আদায়ের সিদ্ধান্ত হয়। সদস্য সচিবের কথার রেশ ধরে জনাব আবদুর রশিদ সওদাগর, চেয়ারম্যান, মুদাফরগঞ্জ দক্ষিন ইউপি বলেন- আমার ইউনিয়নের বেকার যুবদের উপজেলা যুব উন্নয়ন অফিসের মাধ্যমে

বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ নিয়ে আত্মকর্মসংস্থানের লক্ষ্যে যুব ঋণ গ্রহণ করে এবং সঠিক সময় ঋণ পরিশোধ করে আত্মনির্ভরশীল হওয়ার জন্য আহবান জানান । তিনি আরো বলেন যেহেতু, সার্ভিস চার্জ অন্যান্য অফিস ও এনজিওদের তুলনায় যুব ঋণের সার্ভিস চার্জ কম তাই এখান থেকে ঋণ নিতে উদ্বোদ্ধ করার জন্য সবাইকে আহবান জানান।

তৃতীয় আলোচ্য সুচী অনুযায়ী সদস্য সচিব জানান যুব সংগঠনের নিবন্ধিত হলে এলাকায় সংগঠনের মধ্যেম যুব কার্যক্রম সুষ্ঠভাবে পরিচালনা করতে সহজ হয় এবং তাদের মাধ্যমে বেকার যুবদের প্রশিক্ষণ দিতে সুবিধা হয় এবং যুব সংগঠনগুলি তাদের কর্মকান্ডে মন্ত্রণালয় ও অধিদপ্তর হতে বিভিন্ন প্রকল্পে আবেদন সাপেক্ষে অনুদান পেয়ে থাকেন। তাই প্রত্যেক ইউনিয়নের ইউনিয়ন চেয়ারম্যাদের মাধ্যমে যুব সংগঠন নিবন্ধনের আহবান জানাই।

চতুর্থ আলোচ্য সূচী অনুযায়ী সদস্য সচিব বলেন- প্রশিক্ষিত যুবদের মাঝে ঋণ বিতরণ করার পর কিছু ঋণ গ্রহীতা সময় মত ঋণ পরিশোধ করছেন না। যার কারণে মূলধনের অভাবে পরবর্তী ঋণ কার্যক্রমে ব্যাঘাত সৃষ্টি হচ্ছে। যেহেতু অত্র উপজেলায় অধিদপ্তর কর্তৃক প্রাপ্ত যুব ঋণের মুলধন ঘুর্ণায়মান তহবিল হিসাবে পরিচালিত হচ্ছে। সেহেতু উক্ত টাকা যুব ঋণ গ্রহিতাগণ যথাসময়ে পরিশোধ না করলে নতুন প্রশিক্ষিত যুবগণ ঋণ পেতে ব্যাঘাত সৃষ্টি হয়।

সিদ্ধান্ত ঃ প্রতি ইউনিয়নে উপজেলা যুব উন্নয়ন অফিস কর্তৃক পরিচালিত বেকার যুবদের মাঝে প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত রাখা এবং খেলাপী ঋণ আদায়ের নোটিশ প্রদান , যুব সংগঠন নিবন্ধনে যুবদের উদ্বোদ্ধ করা এবং খেলাপী ঋণ আদায়ের লক্ষ্যে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণদের সহযোগিতার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সাহেব সকল সদস্যদেরকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(জনাব পড়শী সাহা)
মহিলা ভাইস চেয়ারম্যান
ও
সভাপতি
উপজেলা যুব ও ক্রীড়া বিষয়ক ষ্ট্যান্ডিং কমিটি
লাকসাম, কুমিল্লা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, লাকসাম, কুমিল্লা।
২। উপজেলা নির্বাহী অফিসার, লাকসাম, কুমিল্লা।
৩। মহিলা ভাইস চেয়ারম্যান , উপজেলা পরিষদ ও সভাপতি, উপজেলা যুব ও ক্রীড়া বিষয়ক ষ্ট্যান্ডিং কমিটি, লাকসাম, কুমিল্লা।
৪। জনাব আবদুর রশিদ সওদাগর, চেয়ারম্যান, মুদাফরগঞ্জ ইউপি দক্ষিন, লাকসাম, কুমিল্লা।
৫। জনাব মোঃ ওমর ফারুক, চেয়ারম্যান, কান্দিরপাড় ইউপি, লাকসাম, কুমিল্লা।
৬। জনাব নিজাম উদ্দিন শামীম, চেয়ারম্যান, গোবিন্দপুর ইউপি, লাকসাম, কুমিল্লা।
৭। অফিস কপি।

২৮/১২/২০২০

(মোঃ ফখরুল ইসলাম)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
ও
সদস্য সচিব
উপজেলা যুব ও ক্রীড়া বিষয়ক ষ্ট্যান্ডিং কমিটি
লাকসাম, কুমিল্লা।